জনকণ্ঠ

তারিখ 16 JAN 2018
পৃষ্ঠা ১ কলাম ২

# উচ্চ মাধ্যমিক পরীক্ষা ২ এপ্রিল শুরু

স্টাফ রিপোর্টার ॥ আগামী ২ এপ্রিল থেকে শুরু হবে উচ্চ মাধ্যমিক (এইচএসসি) ও সমমান পরীক্ষা। লিখিত পরীক্ষা চলবে ১২ মে পর্যন্ত। ১ এপ্রিল রবিবার সরকারী ছুটি হওয়ায় একদিন পিছিয়ে পরীক্ষার পূর্ণাঙ্গ সময়সূচী অনুমোদনের জন্য সোমবার শিক্ষা মন্ত্রণালয়ে পাঠিয়েছে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটি।

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটির সময়সূচী পাঠানোর পর শিক্ষা মন্ত্রণালয়ের কলেজ শাখার কর্মকর্তারা জানিয়েছেন, শীঘ্রই সময়সূচীর অনুমোদন দিয়ে ওয়েবসাইটে প্রকাশ করা হবে। তবে অনুমোদনের আগে ভালভাবে পর্যালোচনা করা হবে। যদি বড় কোন সমস্যা থাকে সেক্ষেত্রে কোন কোন পরীক্ষার দু'একদিন আগাতে কিংবা পেছাতে পারে। জানা গেছে,

(২ পৃষ্ঠা ৮ কঃ দেখুন)

## উচ্চ মাধ্যমিক

(প্রথম পৃষ্ঠার পর)

এইচএসসি ও সমমান পরীক্ষা আয়োজনে চূড়ান্ত প্রস্তুতি নেয়া হচ্ছে। বোর্ডের পাঠানো সমসূচী অনুযায়ী আগামী ২ এপ্রিল বাংলা প্রথম পত্র (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১২ মে পর্যন্ত তত্ত্বীয় পরীক্ষা চলবে।

এরপর শুরু হবে ব্যবহারিক পরীক্ষা। ব্যবহাররিক পরীক্ষার সময়সূচী সকলের জন্য এক নয়। বোর্ডওয়ারি ভিন্ন ভিন্ন তারিখে নিতে পারবে এ পরীক্ষা। তবে আন্তঃশিক্ষা বোর্ডের প্রস্তাব অনুসারে লিখিত পরীক্ষা শেষ হওয়ার পর চার থেকে পাঁচ দিন বিরতি দিয়ে টানা ৫ দিন ধরে চলবে ব্যবহারিক পরীক্ষা। এই সময়ের মধ্যে যে কোন সময় সব প্রতিষ্ঠানের ব্যবহারিক পরীক্ষা শেষ করা হবে। এ বছর এইচএসসি ও সমমান পরীক্ষায় প্রায় ১২ লাখ পরীক্ষার্থী অংশগ্রহণ করবে।